

আপনার অধিকার সম্পর্কে জানুন

বিশেষ দৃষ্টব্যঃ এই প্রবন্ধে (ডকুমেন্ট) কাতার শ্রমিক এবং অভিবাসন আইনের অধীনে একজন শ্রমিকের সকল অধিকার নয় বরং কিছু অধিকার সম্পর্কে উল্লেখ আছে; এছাড়াও একজন শ্রমিকের আরো অতিরিক্ত অধিকার আছে।

কর্মচারীদের এই সম্পর্কিত কোন প্রশ্ন অথবা তাদের অন্য আইনি ও নিয়ন্ত্রক অধিকার সম্পর্কে জানতে শ্রমিক বিভাগে অংশ গ্রহন করা উচিত (চাকরি সংক্রান্ত তাদের সকল কাগজপত্র সহ)।



প্রতিফ্রত বেতন (কর্তন এবং ওভারটাইমের বিবরণ সহ)

আপনার চাকরির চুক্তিনামায় যে বেতন উল্লেখিত আছে তার উপর আপনার অধিকার আছে।(চাকরির চুক্তিনামা কে প্রায়ই শ্রম মন্ত্রণালয় চুক্তি অথবা দ্বৈত ভাষা চুক্তি হিসেবে উল্লেখ করা হয়)

প্রতিমাসে কমপক্ষে ১ বার আপনার নিজের বেতন আপনি নিজে পাওয়ার অধিকার রাখেন।

আপনার নিয়মিত কাজের সময়ের বাইরে যে অতিরিক্ত সময় আপনি কাজ করেছেন তার মজুরী আপনার প্রাপ্য। (যেমনঃ ওভার টাইম)

বেতন সুরক্ষা ধারার অধীনে, আপনার ব্যাংক অ্যাকাউন্টে বেতন পাওয়ার অধিকার আছে।

কাতার ছেড়ে বার্ষিক ছুটিতে যাওয়ার আগে আপনার পূর্বের সকল বকেয়া বেতন পাওয়া আপনার অধিকার।



কাজের সময়

আপনার কাজের সময় দিনে ৮ ঘন্টার বেশি হবে না, শুধুমাত্র রমজান মাসে দিনে ৬ ঘন্টা করে কাজ থাকবে।

আপনার কাজের সময়ের মধ্যে বিরতী পাওয়ার অধিকার আপনার আছে (নামায় অথবা খাবারের জন্য)।



কাজের সময় পাসপোর্ট এবং আইডি

আপনার নিয়োগকারী আপনার আবাসিক অনুমতির জন্য ফাইলিং অথবা আপনার পাসপোর্ট নবায়নের কাজ ছাড়া আপনার পাসপোর্ট এবং অন্য কোন ভ্রমণের কাগজপত্র আপনার নিজের দখলে/কাছে রাখার অধিকার রাখেন।



চুক্তিনামা

নিয়োগকারীর সাথে স্বাক্ষরিত চাকরির চুক্তিনামার একটি কপি আপনার কাছে রাখার অধিকার আপনার আছে।

চাকরির চুক্তিনামায় নিম্নোক্ত তথ্যসমূহ থাকতে হবেঃ
নিয়োগকারীর নাম এবং কাজের জায়গা আপনার নাম, যোগ্যতা, জাতীয়তা, পেশা, ঠিকানা এবং পরিচয় পত্রের প্রমাণ চুক্তিনামা স্বাক্ষরের তারিখ, কাজের ধরন এবং প্রকৃতি এবং কোন জায়গায় চুক্তিনামা তৈরি করা হয়েছে, চাকরি শুরু করার তারিখ, চুক্তিনামার মেয়াদ, আপনার বেতন, বেতন পরিশোধের সময় এবং পদ্ধতি।

আপনার শিক্ষানবীশকাল ৬ মাস বা তার চেয়ে কম হবে। এর বেশি যে কোন সময় বেআইনি।

বিষয়

আইন



সাপ্তাহিক ছুটি, সরকারি ছুটি সমূহ

আপনি সপ্তাহে সম্পূর্ণ ২৪ ঘন্টার ১ দিন বেতনসহ ছুটি পাওয়ার অধিকার রাখেন।

যদি কোন কারণে আপনার ছুটির দিনে কাজ করতে হয় তাহলে তার ক্ষতিপূরণ হিসেবে আপনি অতিরিক্ত কাজের(ওভার টাইম) বেতন অথবা অন্য কোন দিন ছুটি হিসেবে পাবেন।

প্রতি বছর অন্ততপক্ষে ১০ দিন বৈতনিক ছুটি আপনি পাবেনঃ প্রতি ঈদে ৩ দিন করে ছুটি, কাতারের জাতীয় দিবস উপলক্ষে ১ দিন এবং আপনার নিয়োগকারী কর্তৃক নির্ধারিত ৩ দিন। [এছাড়াও যদি আপনার নিয়োগকারী কোন খেলাধুলার আয়োজন করে তাহলে জাতীয় ক্রীড়া দিবস হিসেবে ১ দিন ছুটি পাবেন]



আবাসন

আপনার চাকরির চুক্তিনামা অনুযায়ী আপনি কোম্পানির দেয়া বাসস্থান অথবা তার বিনিময়ে একটি ভাড়া পাওয়ার যোগ্য। পরিষ্কার এবং নিরাপদ পরিবেশে থাকার অধিকার আপনার আছে।

আপনার চুক্তিনামায় উল্লেখিত জায়গা বা ঠিকানাতেই শুধু আপনি কাজ করতে পারবেন। অন্য কোথাও কাজ করা বেআইনি।

ছুটিতে থাকাকালীন সময় চাকরি থেকে বহিষ্কার না হওয়ার অধিকার আপনার আছে।

ছুটিতে থাকাকালীন সময় চাকরি থেকে বহিষ্কার না হওয়ার অধিকার আপনার আছে।

আপনি আপনার চাকরির চুক্তিনামা শেষ/স্বগিত করতে পারবেন উদাহরণ স্বরূপ যদি আপনার নিয়োগকর্তা আপনার উপর শারীরিক নির্যাতন চালায় অথবা আপনার কাজের অবস্থান সম্পর্কে ভুল ধারণা দিয়ে থাকে।

আপনার চাকরির চুক্তিনামার শেষে আপনার নিয়োগকর্তার কাছ থেকে একটি চাকরির স্বীকৃতিনামা(সার্টিফিকেট) আপনার প্রাপ্য। এবং এই সার্টিফিকেটের সাথে আপনার জমাকৃত অন্যান্য কাগজপত্রও আপনি ফেরত পাওয়ার অধিকার রাখেন।

আপনি যদি ১ বছরের বেশি সময় ধরে কাজ করে থাকেন তাহলে কাজ শেষের বখশিশ আপনার প্রাপ্য।

চুক্তি শেষে আপনার নিয়োগকর্তার কাছ থেকে যাতায়াত এর খরচ আপনার প্রাপ্য।

ভাল বায়ু চলাচল ব্যবস্থা, পানযোগ্য পানি এবং পর্যাপ্ত আলোর ব্যবস্থা সহ নিরাপদ ও স্বাস্থ্যসম্মত কাজের পরিবেশ পাওয়ার অধিকার আপনার আছে।